

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রাবিবার, জুলাই ১২, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ/২৫ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০১.১৮-৩০৮।—The Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ০৮ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৮.১৮.২৫১ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order, এর Article 89A-তে উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিয়ম তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১২ জুলাই, ২০২০ খ্রিঃ হতে ১৬ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রমিক নং	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১.	৩৬ বগুড়া-১	(ক) সারিয়াকান্দি উপজেলা	জনাব মোঃ গোলাম কিবরিয়া ম্যাজিস্ট্রেট, বিদ্যুৎ আদালত, বগুড়া
২.		(খ) সোনাতলা উপজেলা	জনাব নিষ্ঠুতি হাগিদিক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া

( ৭০৮৭ )

মূল্য: টাকা ৮.০০

ক্রমিক নং	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
৩.	৯০ ঘোর-৬	(ক) কেশবপুর উপজেলার কেশবপুর পৌরসভাসহ নিম্নলিখিত ইউনিয়নসমূহ: (১) ত্রিমোহিনী (২) সাগরদাঁড়ী (৩) মজিদপুর (৪) বিদ্যানন্দকাটি (৫) মঙ্গলকোট	জনাব মোঃ সাইফুল্লাহ হোসাইন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মশোর
৮.		(খ) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ও কেশবপুর পৌরসভা ব্যতীত কেশবপুর উপজেলা: (১) ত্রিমোহিনী (২) সাগরদাঁড়ী (৩) মজিদপুর (৪) বিদ্যানন্দকাটি (৫) মঙ্গলকোট	জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মশোর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপ্রাপ্ত দাখিল করত সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds\_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন।

### ছক

#### নির্বাচনি এলাকা :

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিবুক্তে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী  
উপসচিব (আইন)।